ভোরের কাগজ

MAY 29 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

ভর্তি পরীক্ষায় দুর্নীতি

# আদালতের নিষেধাজ্ঞা, খুলনা বিশ্ব. এমবিএ কোর্সে ভর্তি প্রক্রিয়া স্থগিত

খুলনা প্রতিনিধি : এবার খুলনা বিশ্ববিদ্যালয়ের এমবিএ ডিসিপ্লিনের ভর্তি প্রক্রিয়ায় দুর্নীতি, অনিয়ম ও পক্ষপাতিত্বের অভিযোগ পাওয়া গেছে। এমবিএ কোর্সের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরও নাজনিন নাহার' নামে ছাত্রীকে দুর্নীতি ও অনিয়ম করে ওয়েটিং লিস্টে রাখার অভিযোগে তিনি আদালতে মামলা করেছেন। গত সোমবার এমবিএ কোর্সে ছাত্রদের ভর্তি করার কথা থাকলেও আদালতের নিষেধাজ্ঞার কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা পারেননি। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ বিষয়টি ছিল মূল আলোচনার বিষয়।

খুলনা মহানগরীর শেরে বাংলা রোডের এস এম মকবুল হোসেনের মেয়ে নাজনিন নাহার এমবিএ কোর্সের ভর্তি প্রক্রিয়ার অনিয়মের ব্যাপারে কর্তৃপক্ষের কাছ থেকে কোনো সন্তোষজনক উত্তর না পেয়ে গত ২৩ মে সহকারী জজ, বটিয়াঘাটার আদালতে একটি ইনজাংশন মামলা দায়ের করেন। মামলাটি পরিচালনা করেন আইনজীবী মোঃ এনায়েত আলী। শুনানি শেষে সহকারী জজ মোসাম্মৎ দিলরুবা সুলতানা খুলনা বিশ্ববিদ্যালয়ের এমবিএ ডিসিপ্লিনের বিরুদ্ধে এক অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করেন। সহকারী জজ তার আদেশে বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রসপেক্টাস ও ভর্তি পরীক্ষার মেধা তালিকা লঙ্ঘন করে আবেদনকারী নাজনিন নাহারকে বাদ দিয়ে ১৭ মে বা পরবর্তী কোনো সময়ে এমবিএ কোর্সে ছাত্রছাত্রী ভর্তি করা যাবে না।

এই আদেশ বিশ্ববিদ্যালয়ে পৌঁছানোর পর গত সোমবার বিভিন্ন স্থান থেকে যে সকল ছাত্রছাত্রী ভর্তি হওয়ার জন্য এসেছিল তারা ফিরে যেতে বাধ্য হয়েছেন। এ সকল ছাত্র ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকগণ ভর্তি প্রক্রিয়ায় যাঁরা জড়িত ছিলেন তাদের অনিয়মের বিরুদ্ধে তীব্র ক্ষোভ প্রকাশ করেন।

মামলার আরজিতে আরো বলা হয়েছে, নাজনিন নাহার যখন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে এ বিষয়ে জানতে চেয়েছেন তখন তিনি ভর্তি কমিটির সিদ্ধান্তের ব্যাপারে অজ্ঞতা প্রকাশ করেন। খুলনা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ আমীর আলী আদালতের ইনজাংশনের কথা স্বীকার করেন। তিনি সাংবাদিকদের জানান, ভর্তি প্রক্রিয়া বন্ধ রয়েছে। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে আইনগত পদক্ষেপ গ্রহণ করবে।